গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
প্রবিধি-৬ শাখা
www.mof.gov.bd

নং-০৭.০০.০০০০.০০০.১৭৬.৩১.০০০১.২৬-২০০

তারিখ : ১২ কার্তিক ১৪৩৩ / ২৮ অক্টোবর ২০২৬

প্রজ্ঞাপন

বিগত ১ জুলাই ২০২৬ খ্রি. তারিখ থেকে জাতীয় বেতন স্কেল, ২০২৬ কার্যকর হওয়ায় সরকারি/স্ব-শাসিত প্রতিষ্ঠান, রাষ্ট্রায়ত্ত ব্যাংক ও অর্থলগ্নী প্রতিষ্ঠানসহ প্রজাতন্ত্রের বিভিন্ন অসামরিক পদে জনস্বার্থে যাঁরা চুক্তিভিত্তিক নিয়োজিত হয়েছেন বা হবেন তাঁদের বেতন ভাতা ও অন্যান্য সুবিধাদি নির্ধারণ বিষয়ে সরকার নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করেছে:

(১) ১ জুলাই ২০২৬ খ্রি. তারিখের পূর্বে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর আওতাভুক্ত বিভিন্ন গ্রেডে চুক্তিভিত্তিক নিয়োজিত কর্মচারীগণের মধ্যে যাঁদের চুক্তির মেয়াদ ১ জুলাই ২০২৬ খ্রি. তারিখের পরবর্তী সময় পর্যন্ত অব্যাহত আছে সরকারের সাথে চুক্তি সংশোধন সাপেক্ষে তাঁদের ক্ষেত্রে জাতীয় বেতনস্কেল, ২০২৬ অনুযায়ী বেতন নির্ধারণের নিয়ম অনুসরণপূর্বক ১ জুলাই ২০২৬ খ্রি. তারিখ হতে তাঁদের বেতন অনুরূপ গ্রেড ও ধাপে নির্ধারিত হবে। তাঁরা ১ জুলাই ২০২৬ খ্রি. তারিখ থেকে চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০২৬ এর অনুচ্ছেদ ১(৩)(ক), ১(৩)(খ), ১(৩)(গ) [বার্ষিক বেতন বৃদ্ধি অংশ ব্যতীত] এবং ১(৩)(ঞ) অনুযায়ী বর্ধিত হারে বেতন এবং সরকারের সাথে সম্পাদিত চুক্তি অনুযায়ী তাঁদের ক্ষেত্রে প্রযোজ্য ভাতাদি প্রাপ্য হবেন।

(২) ১ জুলাই ২০২৬ খ্রি. তারিখের পরে যাঁরা চুক্তিভিত্তিক পদে নিয়োজিত হয়েছেন বা হবেন তাঁদের ক্ষেত্রে অবসর গ্রহণের অব্যবহিত পূর্বে জাতীয় বেতনস্কেলের যে গ্রেড ও ধাপে মূল বেতন প্রাপ্ত হতেন জাতীয় বেতন স্কেল, ২০২৬ এর অনুরূপ গ্রেড ও ধাপের বেতন চুক্তিভিত্তিক নিয়োজিত পদের বেতন হিসেবে নির্ধারিত হবে (বিদ্যমান চুক্তি, যদি থাকে, সংশোধন সাপেক্ষে) এবং চুক্তি অনুযায়ী যোগদানের তারিখ থেকে চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০২৬ এর অনুচ্ছেদ ১(৩)(ক), ১(৩)(খ), ১(৩)(গ) [বার্ষিক বেতন বৃদ্ধি অংশ ব্যতীত] এবং ১(৩)(ঞ) অনুযায়ী বর্ধিত হারে বেতন এবং সরকারের সাথে সম্পাদিত চুক্তি অনুযায়ী তাঁদের ক্ষেত্রে প্রযোজ্য ভাতাদি প্রাপ্য হবেন। বিশেষ ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত অথবা উভয় পক্ষের সম্মতিতে সরকারের সাথে সম্পাদিত চুক্তি অনুযায়ী নির্ধারিত বেতনই হবে চুক্তিভিত্তিক নিয়োজিত পদের বেতন।

(৩) চুক্তিভিত্তিক নির্ধারিত বেতন হতে নির্ধারিত গ্রস পেনশন (কম্যুটেশন/সমর্পণ করার পূর্বের অংক) এবং বিশেষ অতিরিক্ত পেনশন, যদি থাকে, বাদ যাবে না।

(৪) চুক্তিভিত্তিক নিয়োগকালীন চাকরির জন্য কোনো ইনক্রিমেন্ট, আনুতোষিক, বর্ধিত পেনশন প্রদেয় হবে না।

(৫) অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী ব্যতীত অন্যান্যদের চুক্তিভিত্তিক নিয়োগের ক্ষেত্রে বেতন-ভাতা ইত্যাদি সংক্রান্ত শর্তাবলি-যথারীতি প্রতিক্ষেত্রে গুণাগুণ বিবেচনা করে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের মধ্যে সমন্বয়ের মাধ্যমে স্থির করা হবে এবং তদনুযায়ী চুক্তিপত্র সম্পাদিত হবে।

(৬) এ প্রজ্ঞাপনের পরিপন্থী পূর্ববর্তী সকল আদেশ/স্মারক নির্দেশাবলীর সংশ্লিষ্ট অংশ বাতিল বলে গণ্য হবে, তবে এ প্রজ্ঞাপনের সাথে সংগতিপূর্ণ পূর্বের জারীকৃত সকল স্মারক বলবৎ থাকবে।

(৭) বেতন-ভাতা সম্পর্কে এ প্রজ্ঞাপনে যা উল্লেখ করা হয়েছে তা সত্ত্বেও চুক্তি মোতাবেক প্রদেয় বেতন, ভাতা ইত্যাদির ক্ষেত্রে সরকার কর্তৃক পরবর্তীকালে সময়ে সময়ে জারীকৃত আদেশ প্রযোজ্য হবে।

(৮) অর্থ বিভাগের নং ০৭.০০.০০০০.১৭২.৩১.০০৪.১৩-০৭, তারিখ: ২৬/০১/২০১৬ খ্রি. মূলে জারিকৃত প্রজ্ঞাপন বাতিলক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হলো এবং এটি ১ জুলাই ২০২৬ খ্রি. তারিখে কার্যকর হয়েছে মর্মে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৮.১০.২০২৬

শরীফ নজরুল ইসলাম
যুগ্মসচিব
ফোন : ০২-৫৫১০০০৭৮
ই-মেইল: nazrul15776@gmail.com

CamScanner

নং-০৭.০০.০০০০.০০০.১৭৬.৩১.০০০১.২৬-২০০

তারিখ : ১২ কার্তিক ১৪৩৩ / ২৮ অক্টোবর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

২। বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা। (তাঁর অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

৩। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব----------সকল মন্ত্রণালয়/বিভাগ। (তাঁর অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

৪। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা। (তাঁর অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

৫। কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স (সিজিডিএফ), ১ম-১২তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা। (তাঁর অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)

৬। বিভাগীয় কমিশনার----------(সকল)। (তাঁর অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো) ।

৭। পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও২, ঢাকা। (বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ ও গেজেটের ১০০ (একশত) কপি প্রেরণের জন্য অনুরোধসহ)।

৮। অতিরিক্ত মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলপথ, রেলপথ ভবন, ঢাকা। (তাঁর অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

৯। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক---------- (সকল)। (তাঁর অধীনস্থ সকল অফিসে অনুলিপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।

১০। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা---------- (সকল)।

১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইটি সেল, অর্থ বিভাগ। (প্রজ্ঞাপনটি অর্থ বিভাগের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধ করা হলো)।

সদয় অবগতির জন্য অনুলিপি:

১। অর্থ ও পরিকল্পনা মন্ত্রীর মহোদয়ের একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়।

২। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ----------(সকল)।

৪। যুগ্মসচিব (প্রবিধি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।

২৬-১০-২০২৬
(শরীফ নজরুল ইসলাম)
যুগ্মসচিব

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
কেন্দ্রীয় সচিবালয়
ওয়াপদা ভবন(২য় তলা), মতিঝিল, ঢাকা
www.bpdb.gov.bd



স্মারক নম্বর: ২৭.১১.০০০০.১০১.৫৩.০০২.২৬-৫৭০

তারিখ: ২৪ কার্তিক ১৪৩৩ / ০৯ নভেম্বর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সদস্য, প্রশাসন/অর্থ/উৎপাদন/পিএন্ডডি/কোম্পানি অ্যাফেয়ার্স/বিতরণ, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।

০২। প্রধান প্রকৌশলী/মহাব্যবস্থাপক/অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রকল্প পরিচালক/নিয়ন্ত্রক (হিসাব ও অর্থ)/প্রধান চিকিৎসা কর্মকর্তা [সকল], বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।

০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। চীফ স্টাফ অফিসার টু চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৫। পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ব্যবস্থাপক/প্রকল্প পরিচালক [সকল], বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।

০৬। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ঢাকা কম্পিউটার কেন্দ্র, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা [আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]

০৭। উপসচিব/নির্বাহী প্রকৌশলী/উপপরিচালক/আবাসিক প্রকৌশলী [সকল], বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।

০৮। অফিস কপি।

২৬/১০/২৬

মোঃ শরিফুল আলম রিমন
উপসচিব (সংস্থাপন)
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা
☎: ০২-২২৩৩৮০৫২৩

CamScanner